

তারিখ: 27/12/2011

“অসামরিক বিমানচারণ-এর 100 বর্ষ” উদযাপন উপলক্ষে আরবি আই কর্তৃক ধাতুমুদ্রা জারি

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই নিম্নলিখিত মাত্রা, নকশা এবং মিশ্রণ সম্বলিত ₹ 5 মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলনে আনবে অর্থাৎ

মূল্যমান	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু মিশ্রণ
পাঁচ টাকা	বৃত্তাকার 23 মিলিমিটার	100	নিকেল পিতল যার মধ্যে তামা- 75% দস্তা- 20% নিকেল- 5%

নকশা

মূল্যমান	মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ
পাঁচ টাকা	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ सत्यमेव जयते ”, বাম দিকের পরিধির পার্শ্বদেশে হিন্দিতে “भारत” শব্দ এবং ডান দিকের পরিধিতে ইংরাজিতে “RUPEES” শব্দ। শীর্ষস্থ সিংহের নীচে আরও থাকবে আন্তর্জাতিক অঙ্কে লিখিত মূল্যমান “5”।	ধাতুমুদ্রার এই ভাগের মধ্যস্থলে থাকবে “YEARS” শব্দের সঙ্গে একটি বিমানের চিত্র এবং সংখ্যায় “100” অঙ্কিত হবে, ওপরের পরিধির পার্শ্বদেশে “भारतीय नागर विमानन शताब्दी वर्ष” এবং “100” সংখ্যার নীচে “CIVIL AVIATION” এবং “INDIA”। নীচের অংশে আন্তর্জাতিক অঙ্কে বর্ষ “1911-2011” প্রদর্শিত হবে।

এই ধাতুমুদ্রা অসামরিক বিমানচারণের 100 বর্ষ উদযাপন উপলক্ষে জারি করা হয়েছে এবং ভারতীয় কয়েনেজ অ্যাক্ট, 1906 অনুযায়ী এই ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান ধাতুমুদ্রাও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

অল্পনা কিল্লাওয়ালা
মুখ্য মহপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/1012